# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 30 April, 2025

ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরের পেহেলগামে বন্দুকধারীদের হামলাকে কেন্দ্র করে ভারত ও পাকিস্তানের মধ্যে নতুন করে সংকট তৈরি হয়েছে। এই পরিস্থিতিতে উত্তেজনা না বাড়ানোর আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। বিষয়টি নিয়ে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে শিগগিরই কথা বলবেন। খবর রয়টার্সের।

মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, রুবিও ভারত ও পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে মঙ্গলবার (গতকাল) বা বুধবার (আজ) কথা বলবেন বলে আশা করা হচ্ছে। একই কাজ করতে অন্য পররাষ্ট্রমন্ত্রীদেরও উৎসাহ দিয়েছেন তিনি।

এর আগে রোববার ওয়াশিংটন জানায়, পারমাণবিক শক্তিধর দুই দেশ–ভারত ও পাকিস্তানের সঙ্গে বিভিন্ন পর্যায়ে যোগাযোগ করছে তারা।পাশাপাশি চলতি সংকটে 'দায়িত্বশীল সমাধানের' পথে কাজ করতে উভয় দেশকে তারা আহ্বান জানায়।

রুবিওর বক্তব্যের বরাতে মার্কিন পররাষ্ট্র দপ্তরের একজন মুখপাত্র সাংবাদিকদের বলেন, 'আমরা উভয় পক্ষের সঙ্গে যোগাযাগ রাখছি। তাদের বলছি উত্তেজনা না বাড়াতে।'

কাশ্মীরে হামলার পর ওয়াশিংটন প্রকাশ্যে ভারতের প্রতি সমর্থন ব্যক্ত করেছে।হামলার নিন্দা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স। তবে ওয়াশিংটন পাকিস্তানের সমালোচনা করেনি।

গত ২২ এপ্রিলের ওই হামলায় ২৬ জন নিহত হন।এ ঘটনায় পাকিস্তানকে দোষারোপ করেছে

ভারত।তবে পাকিস্তান তা নাকচ করে দিয়েছে, আহ্বান জানিয়েছেন নিরপেক্ষ তদন্ত করতে।

ভারত পররাষ্ট্রমন্ত্রী হামলা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:11

URL: https://timestodaybd.com/international/8184691636